

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১৩.৫০ কিলোমিটার এবং এলিভেটেড ৬.৫০ কিলোমিটার) ও ১৪ স্টেশন (আন্ডারগ্রাউন্ড ৯টি এবং এলিভেটেড ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। DPP অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। গত ১৪ জুলাই ২০১৯ তারিখ PEC সভা অনুষ্ঠিত হয়েছে। Engineering Service-এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা JICA'র সঙ্গে ৭,৩৫৮ মিলিয়ন ইয়েন-এর ঋণ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে গত ৩১ জুলাই ২০১৯ তারিখ Project Evaluation Report (Technical) সম্মতির জন্য JICA'র নিকট প্রেরণ করা হয়েছে। এ রুট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৪১ হাজার ২৬১ কোটি টাকা।

MRT Line-5: Northern Route-এর এ্যালাইনমেন্ট হল: হেমায়েতপুর - বালিয়ারপুর - মধুমতি - আমিন বাজার - গাবতলী - দার উস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্ষেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা।